

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৩৮-আইন/২০০৯/২২৪১/শুল্ক।— Customs Act, 1969 (Act IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উলিখিত, এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর First Schedule এর Heading 28.09 এর বিপরীতে কলাম (২) এ উলিখিত H.S.Code 2809.20.00 এর বিপরীতে কলাম (৩) তে বর্ণিত Phosphoric acid পণ্যকে, উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন ও সম্পদ লুক্ক শুল্ক, যদি থাকে, হইতে অনুচ্ছেদ ২ এ বর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

০২। শর্তসমূহঃ

- (ক) এই সুবিধা কেবল সার উৎপাদনের জন্য কাঁচামাল হিসাবে আমদানিকৃত ফসফরিক এসিডের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;
- (খ) আমদানিকারককে অবশ্যই শিল্প মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত সার-কারখানা হইতে হইবে;
- (গ) সার-কারখানার কাঁচামাল হিসাবে বিনিয়োগ বোর্ড এর নিবন্ধন এবং কাঁচামাল সংক্রান্ত মূল্য সংযোজন কর ঘোষণাপত্র (ম-সক-৭) এ “ফসফরিক এসিড” কাঁচামাল হিসাবে উলিখিত থাকিতে হইবে;
- (ঘ) আমদানিকৃত ফসফরিক এসিড এর পরিমাণ এবং উহা সার উৎপাদনে ব্যবহৃত হইবে মর্মে শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন কর্মকর্তা কর্তৃক “পরিশিষ্ট-ক” মোতাবেক প্রদত্ত চালানওয়ারী প্রত্যয়নপত্র পণ্য চালান খালাসের প-বেই সংশ্লিষ্ট শুল্ক ভবন/স্টেশনে দাখিল করিতে হইবে; এবং

- (ঙ) আমদানিকৃত ফসফরিক এসিড সার উৎপাদন ব্যতীত অন্য কোন ব্যবহার বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাইবে না। সার উৎপাদন ব্যতীত অন্য কোন ব্যবহার বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করা হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি পরিশোধ করিতে সংশ্লিষ্ট আমদানিকারক বাধ্য থাকিবেন মর্মে “পরিশিষ্ট-খ” অনুযায়ী একটি অঙ্গীকারনামা শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

পরিশিষ্ট - ক

প্রত্যয়নপত্র

[শর্ত (১) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স . . . . .  
. . . . . একটি সার উৎপাদনকারী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং . . . . .  
. . . . . তারিখ . . . . . এর আওতায় ইনভয়েস নং . . . . .  
. . . . . তারিখ . . . . . বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং . . . . .  
. . . . . তারিখ . . . . . এ উল্লিখিত . . . . .  
পরিমাণ আমদানিকৃত ফসফরিক এসিড কারখানায় সার উৎপাদনে ব্যবহৃত হইবে।

তারিখ :

নাম :

পদবী :

সীল :

পরিশিষ্ট-খ

অঙ্গীকারনামা

আমি ----- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স -----  
----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,  
ঋণপত্র নং ----- তারিখ : ----- ইনভয়েস নং -----  
তারিখ : ----- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ----- তারিখ : -  
----- এর মাধ্যমে আমদানিকৃত ফসফরিক এসিড সার উৎপাদনে ব্যবহার করিব।  
আমদানিকৃত ফসফরিক এসিড সার উৎপাদন ব্যতীত অন্য কোন ব্যবহার বা কোন ব্যক্তি বা  
প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করিব না। আমদানিকৃত ফসফরিক এসিড সার  
উৎপাদন ব্যতীত অন্য কোন ব্যবহার বা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে  
হস্তান্তর করা হইলে রেয়াতী সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি পরিশোধ করিতে বাধ্য থাকিব।

১।.....সাক্ষী স্বাক্ষর : .....

২।.....সাক্ষী

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম : .....

তারিখ : প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : .....  
.....

০৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত আদেশ নং C.No. 3(11)Cus.I/83/1-2,  
Dated: 13.01.1988 এতদ্বারা বাতিল করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. নাসিরউদ্দীন আহমেদ)  
ভারপ্রাপ্ত সচিব।